

# শ্রমিক নিরাপত্তা ফোরাম-এসএনএফ

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্ডস  
বাড়ি- ২০, সড়ক- ১১ (৩২ পুরাতন) ধানমন্ডি, ঢাকা-১২০৯ ফোন: ৪৮১১৮৮১৫, ৫৮১৫১৪০৯ ফ্যাক্স: ৮১১৪৮২০  
ইমেইল: [snf.safework@gmail.com](mailto:snf.safework@gmail.com), [bils@citech.net](mailto:bils@citech.net)

তারিখ: ১৮ এপ্রিল ২০২১

## প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রামের বাঁশখালীতে বিদ্যুৎকেন্দ্রে বকেয়া বেতন পরিশোধ ও কাজের সময়সীমা পরিবর্তনের দাবিতে আন্দোলনরত শ্রমিকদের উপর পুলিশের গুলিবর্ষণে পাঁচজন শ্রমিক নিহতের ঘটনায় শ্রমিক নিরাপত্তা ফোরামের উদ্বেগ

চট্টগ্রামের বাঁশখালীর গন্ডামারায় নির্মাণাধীন বিদ্যুৎকেন্দ্রে বকেয়া বেতন পরিশোধ ও কাজের সময়সীমা পরিবর্তনের দাবিতে আন্দোলনরত শ্রমিকদের উপর পুলিশের গুলিবর্ষণে পাঁচজন শ্রমিক নিহত এবং পুলিশ সহ ৩০ জন শ্রমিক আহতের ঘটনায় শ্রমিক নিরাপত্তা ফোরাম-এসএনএফ গভীর উদ্বেগ প্রকাশ করছে।

বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত সংবাদে জানা যায়, বকেয়া বেতন পরিশোধ ও পবিত্র রমজান মাসে কাজের সময়সীমা কমানোর দাবিতে চট্টগ্রামের বাঁশখালীর গন্ডামারায় নির্মাণাধীন কয়লা বিদ্যুৎ কেন্দ্রে গতকাল শনিবার (১৭ এপ্রিল, ২০২১) সকালে বিক্ষোভ চলাকালে পুলিশের গুলিতে পাঁচ শ্রমিক নিহত হয়েছেন। এ ঘটনায় তিন পুলিশ সহ আহত হয়েছেন আরো কমপক্ষে ৩০ জন। গুরুতর আহতদের চট্টগ্রাম মেডিক্যাল কলেজ (চমেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শ্রমিক নিরাপত্তা ফোরাম মনে করে, আন্দোলনরত শ্রমিকদের উপর পুলিশের গুলিবর্ষণের বিষয়টি অনাকাঙ্ক্ষিত ও অন্যায়, যা কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না। কোভিড-১৯ সময়েও মাথার ঘাম পায়ে ফেলে দেশের অর্থনীতিকে যে শ্রমিকরা টিকিয়ে রেখেছেন সেসব শ্রমিকদের জীবনের নিরাপত্তা ও সুরক্ষার অধিকার লঙ্ঘন করে পুলিশ কর্তৃক এভাবে গুলি করে হত্যাও চরম নিন্দনীয়।

ফোরাম উপরোক্ত ঘটনার সুষ্ঠু তদন্ত ও প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা, নিহত শ্রমিকদের পরিবারকে আজীবন আয়ের সমান ক্ষতিপূরণ, আহত শ্রমিকদের সুচিকিৎসা ও ক্ষতিপূরণ প্রদানের দাবি জানাচ্ছে। একইসাথে শ্রমিকদের ন্যায়সঙ্গত দাবি মেনে নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাচ্ছে। শ্রমিক নিরাপত্তা ফোরাম সারা দেশে শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারের প্রতি আহ্বান জানাচ্ছে।

শ্রমিক নিরাপত্তা ফোরাম স্মরণ করিয়ে দিতে চায় যে, সমবেত হওয়ার এবং ন্যায্য দাবিতে আন্দোলন করা যে কোন নাগরিকের সাংবিধানিক অধিকার যা অন্যান্য মানবাধিকার দলিলেও সুস্পষ্টভাবে উল্লেখিত আছে। মহামারী করোনাকালীন সময়ে শ্রমিকরা নানা দুর্দশার মধ্যে রয়েছেন। অনেকে চাকরি হারিয়েছেন, অনেকের মজুরি কমে গেছে। তা সত্ত্বেও শ্রমিকদের বেতন যথাসময়ে কেন পরিশোধ করা হলো না সে বিষয়টি খতিয়ে দেখার এবং তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য শ্রমিক নিরাপত্তা ফোরাম জোর দাবি জানাচ্ছে।

শ্রমিক নিরাপত্তা ফোরামের পক্ষে:

২০২১/৪/১৮

ড. হামিদা হোসেন

আহ্বায়ক, শ্রমিক নিরাপত্তা ফোরাম

### শ্রমিক নিরাপত্তা ফোরামের সদস্য

আইন ও শালিস কেন্দ্র, অ্যাকশন এইড বাংলাদেশ, আওয়াজ ফাউন্ডেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্ডস, ব্রাক, বাংলাদেশ এনভায়রনমেন্ট লাইফস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ মহিলা পরিষদ, গণস্বাস্থ্য কেন্দ্র, কর্মজীবী নারী, নারীপক্ষ, নিজেরা করি, সেইফটি এন্ড রাইটস, বাংলাদেশ লেবার ফাউন্ডেশন, জাতীয় শ্রমিক ফেডারেশন বাংলাদেশ, জাতীয় শ্রমিক লীগ, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র, বাংলাদেশ লেবার ফেডারেশন, বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেস, বাংলাদেশ মুক্ত শ্রমিক ফেডারেশন, জাতীয় শ্রমিক জোট, বাংলাদেশ শ্রমিক ফেডারেশন, বাংলাদেশ জাতীয় শ্রমিক ফেডারেশন, জাতীয় শ্রমিক জোট বাংলাদেশ, বাংলাদেশের জাতীয় শ্রমিক জোট